গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রধান কার্যালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
Website: www.dnc.gov.bd

জাতীয় মাদকবিরোধী কমিটির ১৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত প্রথম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

সভাপতি : মোহাম্মদ আহসানুল জব্বার
মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
তারিখ ও সময় : ১১ মার্চ, ২০২১, বেলা ১০.৩০ ঘটিকা
সভার স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ি আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। অত:পর পরিচালক(প্রশাসন) সভায় গত ১৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় মাদকবিরোধী কমিটির প্রথম সভার সিদ্ধান্তসমূহ অদ্যকার সভায় পাঠ করে শুনান। জাতীয় মাদকবিরোধী কমিটির সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনায় সিদ্ধান্ত ক্রমিক ১ এর ক (২) সিদ্ধান্ত বাস্তবায়নে ঢাকা আহ্ছানিয়া মিশন কর্তৃক আয়োজিত বিভিন্ন মাদকবিরোধী প্রোগ্রাম পর্যালোচনা করা প্রয়োজন সে লক্ষ্যে আয়োজিত মাদকবিরোধী প্রোগ্রামের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রেরণের জন্য ঢাকা আহ্ছানিয়া মিশন কর্তৃপক্ষকে অনুরোধ করা যেতে পারে। মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রমে নতুন কোন কৌশল অবলম্বন করা যায় কিনা তা পর্যালোচনার জন্য টিএমএসএস এর মাদকবিরোধী কৌশলসমূহ প্রেরণের জন্য টিএমএসএস কর্তৃপক্ষকে অনুরোধ করা যেতে পারে।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে জাতীয় মাদকবিরোধী কমিটির প্রথম সভার সিদ্ধান্তসমূহ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের কর্মকর্তাদেরকে নিম্নোক্তভাবে দায়িত্ব প্রদান করা হ'ল:

নং	আলোচ্য বিষয়	সভার সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	সিদ্ধান্ত বাস্তবায়নে অধিদপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১	মাদকদ্রব্যের চাহিদা হ্রাস	ক(১) প্রমিসেস' মেডিকেল লিঃ এর আয়োজনে বাংলা টিভি ও আরটিভিতে প্রতি সপ্তাহে প্রচারিত ১ ঘন্টার অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমোদিত মাদকবিরোধী প্রচারণার বিষয়সমূহ বিবেচনা করে অনুষ্ঠান সাজানোর ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / চেয়ারম্যান, প্রমিসেস।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		ক(২) ঢাকা আহ্ছানিয়া মিশন কর্তৃক আয়োজিত বিভিন্ন মাদকবিরোধী প্রোগ্রামে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কিভাবে সম্পৃক্ত হতে পারে এবং টিএমএসএস এর কৌশল কাজে লাগিয়ে কিভাবে মাদকবিরোধী জনসচেতনতা আরো বৃদ্ধি করা যায় মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এ বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করে তা নির্দিষ্ট করতে পারেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / পরিচালক, ঢাকা আহ্ছানিয়া মিশন/ নির্বাহী পরিচালক,	পরিচালক (নিরোধ শিক্ষা)

			টিএমএসএস।	
		ক(৩) ইমাম প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ মডিউলে মাদকবিরোধী কি ধরণের বক্তব্য বা কোন কোন বিষয় অন্তর্ভূক্ত করা যায় এবং মসজিদে মাদকবিরোধী আলোচনার বিষয় ও কৌশল সম্পর্কে মহাপরিচালক, মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ইসলামিক ফাউন্ডেশনের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(খ) শিক্ষা প্রতিষ্ঠানে গঠিত মাদকবিরোধী কমিটির TOR অনুযায়ী একটি হালনাগাদ বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়নের জন্য সুনিদিষ্ট প্রস্তাব মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি ও স্ট্র্যাটেজিক কমিটিতে উপস্থাপনের ব্যবস্থা নেয়া হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(গ) মাদকবিরোধী প্রচারণায় জনপ্রিয় শিল্পীদের দিয়ে সহয়োপযোগী টিভি ফিলার প্রস্তুত করে প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে বেসরকারি টিভি চ্যানেল মালিকদের সংগঠন অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো) এর সাথে এ বিষয়ে আলোচনা করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ সভাপতি/সম্পাদক, অ্যাসোসিয়েশন অব টিভি চ্যানেল ওনার্স (এটকো)	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(ঘ) জাতীয় মাদকবিরোধী কমিটিতে যে সব মন্ত্রণালয়/ বিভাগ/সংস্থা রয়েছে তাদেরকে সম্পৃক্ত করে মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম আরো বেগবান করে সামাজিক আনোলনে রুপান্তর করতে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া যেতে পারে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(ঙ) মাদকের ক্ষতিকর দিক সর্ম্পকে ছাত্র-ছাত্রীদের সচেতন করার লক্ষ্যে পাঠ্যপুস্তকে মাদকের কুফল সম্পর্কিত অধ্যায় অন্তভুক্তকরণের লক্ষ্যে বিস্তারিত প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগের মাধ্যমে জাতীয় শিক্ষাক্রম ও পাঠপুস্তক বোর্ডে (NCTB) প্রেরন করা হয়েছে। প্রেরিত প্রস্তাব বাস্তবায়নে যোগাযোগ অব্যাহত রেখে বিষয়টি চূড়ান্ত করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠপুস্তক বোর্ড।	পরিচালক (নিরোধ শিক্ষা)
		(চ) বিদেশে অবস্থানরত বাংলাদেশী কর্মীদের মাদকাসক্তির বিষয়ে সচেতন করা সম্ভব হলে বিদেশে বাংলাদেশের ভাবমুর্তি আরো বৃদ্ধি পাবে এবং বর্হিবিশ্বে শ্রম বাজার আরো বেশী উন্মুক্ত হবে। এ বিষয় সুনির্দিষ্ট প্রস্তাব আকারে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি ও স্ট্র্যাটেজিক কমিটিতে উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	পরিচালক (নিরোধ শিক্ষা)
২	মাদকদ্রব্যের সরবরাহ হ্রাস	(ক) মাদকব্যবসায়ীদের ওপর কড়া নজর রাখতে হবে এবং অবৈধ মাদক উদ্ধারে সংশ্লিষ্ট সকল সংস্থাকে আরো বেশি সচেষ্ট হতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর / সকল আইন শৃংখলা রক্ষাকারী সংস্থা।	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)

		(খ) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচার রোধে গঠিত স্ট্র্যাটেজিক কমিটি, এনফোর্সমেন্ট কমিটি এবং মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি ও সামাজিক আন্দোলন সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ বাংলাদেশ পুলিশ/ বর্ডার গার্ড বাংলাদেশ/ র‍্যাব/ ডিজিএফআই/ এনএসআই/ বাংলাদেশ কোস্টগার্ড/ এসবি,পুলিশ।	পরিচালক (প্রশাসন/ নিরোধ শিক্ষা/ চিকিৎসা ও পুর্নবাসন/ অপারেশন্স ও গোয়েন্দা)
		(গ) মাদক ব্যবসায়ীদের তালিকা ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে অবিলম্বে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে অনুরোধ করা হয়।		পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)
		(ঘ) বিজিবি'র আলোকিত সীমান্ত প্রকল্পটি বাস্তবায়নে সহায়তা করার জন্য ডিএনসি'র সীমান্তবর্তী জেলার কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করতে হবে এবং পববর্তী সভায় এ প্রকল্পের অগ্রগতি সম্পর্ক বিজিবি তথ্য পেশ করবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)
		(ঙ) কুরিয়ার সার্ভিসের মাধ্যমে মাদক চোরাচালান প্রতিরোধের লক্ষ্যে জাতীয় মাদকবিরোধী কমিটিতে সচিব, ডাক,তার ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়কে অন্তর্ভূক্ত করে যুগ্মসচিবের নিম্নে নহে এমন কর্মকর্তাকে পরবর্তী সভায় প্রেরণ করার জন্য অনুরোধ করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)
		(চ) ইয়াবা পাচার রোধে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মিয়ানমার কর্তৃপক্ষের সাথে দ্বি-পাক্ষিক সভা প্রয়োজনে জুম প্লাটফর্মে আয়োজনের জন্য দ্রুত ব্যবস্থা নিতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	পরিচালক (অপারেশন্স ও গোয়েন্দা)
৩	মাদকদ্রব্যের ক্ষতি হ্রাস	(ক) দেশের যে ২০ টি জেলায় এখনো বেসরকারি নিরাময় কেন্দ্র স্থাপিত হয়নি, সেসব জেলার সম্ভাব্য উদ্যোক্তাদেরকে বেসরকারী নিরাময় কেন্দ্র স্থাপনে উৎসাহিত করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ বিভাগীয় কার্যালয় (সকল)/ জেলা কার্যালয় (সংশ্লিষ্ট)	পরিচালক (চিকিৎসা ও পুর্নবাসন)
		(গ) সুনির্দিষ্ট অভিযোগ থাকলে বা মামলার আসামী কোন নিরাময় কেন্দ্রে ভর্তি থাকলে মামলার তদন্ত কাজে সহযোগিত করতে হবে। তবে তদন্তকারী সংস্থার সদস্যগণ যেন অযথা হয়রানি না করে সেদিকে সংশ্লিষ্ট সংস্থাসমূহেকে সজাগ থাকতে হবে।	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ বাংলাদেশ পুলিশ।	পরিচালক (চিকিৎসা ও পুর্নবাসন)
		(ঘ) বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র মালিকদের ট্রেড লাইসেন্স ও অন্যান্য সমস্যার সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।		
		(ঙ) বেসরকারি নিরাময় কেন্দ্র সমূহের চিকিৎসা ব্যবস্থা সম্পর্কে একটি নীতিমালা প্রনয়নের জন্য একটি কারিগরি কমিটি গঠনের প্রয়োজনীয়তা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ উপদেষ্টা কমিটি ও স্ট্র্যাটেজিক কমিটিতে উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	
৪	অধিদপ্তরের কার্যক্রম	(ক) অধিদপ্তরের মাঠ পর্যায়ের অফিসসমূহ এবং বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহ পরিদর্শন, মনিটরিং ও মেন্টরিং অব্যাহত রাখতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ	পরিচালক (চিকিৎসা ও

	পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন		অধিদপ্তর।	পুর্নবাসন / প্রশাসন)
		(খ) অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের যথাযথ মূল্যায়নের মাধ্যমে প্রয়োজন অনুযায়ী পুরস্কার/ তিরস্কার/ শাস্তিমূলক ব্যনস্থা/ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।		পরিচালক (প্রশাসন)
		(গ) অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের আধুনিক ও তথ্য প্রযুক্ততে অধিকতর জ্ঞান সম্পন্ন কর্মী বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।		
৫	বিবিধ	(ক) মাদকবিরোধী প্রচারে বিমানবন্দর ও স্থলবন্দরসমূহে বিলবোর্ড স্থাপন এবং মাদকদ্রব্য উদ্ধারে ডগ স্কোয়াড ব্যবহারের বিষয়েও সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।	পরিচালক (নিরোধ শিক্ষা/ প্রশাসন)
		(খ) সরকাররি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে বিদ্যমান সুযোগ-সুবিধা কাজে লাগিয়ে অধিকতর মাদকাসক্ত রোগীর চিকিৎসা প্রদান ও সুস্থজীবনে প্রত্যাবর্তনে কার্যকারী উদ্যোগ গ্রহণ করতে হবে।		পরিচালক (চিকিৎসা ও পুর্নবাসন)
		(গ) চাকুরীতে প্রবেশের পূর্বে ডোপটেস্ট ব্যবস্থা দ্রুত কার্যকর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।		পরিচালক (চিকিৎসা ও পুর্নবাসন / প্রশাসন)

০৪। সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সভাপতি মাদকের কড়াল গ্রাস হতে যুব সমাজকে রক্ষা ও মাদকমুক্ত বাংলাদেশ গড়তে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

২৬ ফাল্গুন, ১৪২৭
নম্বর: ৫৮.০২.০০০০.০০৫.১৮.৩৯২.১৯-১২২৬ তারিখ: ---------------------
১১ মার্চ, ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন),মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,প্রধান কার্যালয়, ঢাকা/ চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
০৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
০৪। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গোয়েন্দা শাখা/বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৫। সিস্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। রেসিডেন্ট সাইক্রিয়াস্টিক, বিভাগীয় মাদকদ্রব্য নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
০৭। উপ পরিচালক(-------------), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,-----------------।
০৮। সহকারী পরিচালক(-------------), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/ জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,-----------------।
০৯। সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। মহাপরিচালক এঁর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

(মোহাম্মদ মামুন)
উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)